তারিখ ..05 AUG 2016...
পৃষ্ঠা ১৬ কলাম ৪

সংবাদ

রাজধানীতে জঙ্গিবিরোধী অভিযান

# ড্যাফোডিলের ১০ শিক্ষার্থীসহ আটক ১২

নিজস্ব বার্তা পরিবেশক

রাজধানীতে জঙ্গিবিরোধী ব্লক রেড অভিযান চালিয়ে একটি বেসরকারি বিশ্ববিদ্যালয়ের ১০ শিক্ষার্থীসহ ১২ জনকে আটক করেছে পুলিশ। গতকাল শুক্রাবাদ এলাকার একটি ভবনে এ অভিযান চালায় পুলিশ।

তেজগাঁও জোনের এডিসি আনিসুর রশিদ বলেন, শুক্রাবাদের একটি চার তলা বাড়িতে গতকাল বিকেল ৪টা থেকে ৬টা পর্যন্ত অভিযান চালিয়ে ড্যাফোডিল ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটির ১০ শিক্ষার্থীরাসহ ১২ জনকে আটক করা হয়। ওই ভবনে জামিয়াতুস সালিহীন মাদ্রাসাও রয়েছে। আটককৃতদের মধ্যে দু'জন এই মাদ্রাসার শিক্ষক। তিনি বলেন, নিয়মিত অভিযানের অংশ হিসেবে এ ভবনটিতে অভিযান চালানো হয়। চার তলার এ ভবনটিতে মাদ্রাসার পাশাপাশি মেস বাসাও রয়েছে। ভবনটির দ্বিতীয় ও তৃতীয় তলার দুটি রুমে ড্যাফোডিল ইউনিভার্সিটির শিক্ষার্থীরা ভাড়া থাকতেন। মূলত ওই মেস বাসায় অভিযান পরিচালনা করা হয়।

এডিসি আনিসুর রশিদ আরও বলেন, অভিযানে সন্দেহভাজন হিসেবে মেস বাসার শিক্ষার্থীরা ও মাদ্রাসার শিক্ষকসহ ১২ জনকে আটক করা হয়েছে। এছাড়া ওই বাসায় জঙ্গি : পৃষ্ঠা : ২ ক : ১

## জঙ্গি : বিরোধী

(১৬ পৃষ্ঠার পর)

তাদের সঙ্গে থাকা কম্পিউটার ও ল্যাপটপ জব্দ করা হয়েছে। প্রাথমিক অনুসন্ধানে তাদের মোবাইলে বাঁশেরকেল্লাসহ বেশ কিছু উগ্রবাদী সংগঠনের ভিডিও ও ছবি পাওয়া গেছে। তাদের আরও জিজ্ঞাসাবাদের জন্য পুলিশ হেফাজতে নিয়ে যাওয়া হচ্ছে।

পুলিশের হাতে আটককৃতদের মধ্যে একজনের নাম শাহিরুন হুদা ড্যাফোডিল ইউনিভার্সিটি (ইইই) বিভাগের ১১তম ব্যাচের শিক্ষার্থী। তিনি জানান, ওই ভবনের দ্বিতীয় ও তৃতীয় তলায় তারা ১২ জন শিক্ষার্থী একসঙ্গে থাকতেন।

জানা গেছে, বুধবার দিবাগত রাত সোয়া ১২টার দিকে আজিমপুর নিউ পল্টন এলাকার কয়েকটি মেসে অভিযান চালায় লালবাগ থানা পুলিশ। ওই এলাকার ৩/৪টি ভবনের প্রায় ৩০-৩৫টি ব্যাচেলর মেসে অভিযান চালালেও সন্দেহভাজন কাউকে আটক কিংবা কোন ধরনের সরঞ্জামাদি পাওয়া যায়নি।

জানতে চাইলে লালবাগ জোনের এডিসি মোহাম্মদ নাজির আহমেদ খান বলেন, রাত সোয়া ১২টার দিকে নিউ পল্টনের ২৪ নম্বর বাসায় অভিযান চালানো হয়। মেসটি দেখে আমরা বুঝতে পেরেছি এখানে কোন ধরনের গাবলা নেই। তাছাড়া ওই মেসের লোকজনও আমাদের সহায়তা করেছেন। পরে ভবনের অন্য মেসগুলোতেও রেড দেয়া হয়। তবে এতে কাউকে আটক করা সম্ভব হয়নি।

ওই মেসের বাসিন্দা পলাশ মাহমুদ বলেন, পুলিশ আমাদের কাছে যা জানতে চেয়েছে আমরা সত্যিটা বলেছি। এ কারণে আমার হয়রানির শিকারও হইনি।

লালবাগ থানার ওসি মনিরুজ্জামান বলেন, প্রায় ৩০-৩৫টি মেসে রেড দেয়া হয়েছে। নিয়মিত অভিযানের অংশ হিসেবে এই অভিযান চালানো হয়।